# তালগাছি বাজার বণিক বহুমুখী সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং-সিরাজ-১১৮, তারিখ: ০৮/০৪/২০১০ইং

কার্যালয় ঃ- গ্রাম ঃ তালগাছি বাজার, ডাকঘর ঃ তালগাছি, উপজেলা ঃ শাহজাদপুর, জেলা ঃ সিরাজগঞ্জ।

স্মারক নং- ০২

তারিখ ঃ- ০৮.০২.২০২৪ খ্রিঃ

সিরাজগঞ্জ শাহজাদপুর উপজেলাধীন **তালগাছি বাজার বণিক বহুমুখী সমবায় সমিতি লিঃ** এর সকল সম্মানীত সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্তঃ ব্যবস্থাপনা কমিটির বিগত ০৫/০১/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৯/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার **তালগাছি আবু ইসহাক উচ্চ বিদ্যালয়,** তালগাছি, শাহজাদপুর, সিরাজগঞ্জ-এ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০৩:০০ ঘটিকা পর্যন্ত (বিরতীহীনভাবে) বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন'২০২৪ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০১(এক) জন সভাপতি, ০১(এক) জন সহ-সভাপতি, ০১(এক) জন সম্পাদক, ০১(এক) জন সহ-সম্পাদক, ০১(এক) জন কোষাধ্যক্ষ ও ০৭ (সাত) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সর্বমোট ১২(বারো) টি পদে ১২ (বারো) জন প্রার্থী সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। নির্বাচন কমিটির ০৫/০২/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরুপভাবে নির্বাচন'২০২৪ এর নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো ঃ

**নির্বাচনী তফশীল/ ২০২৪**

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | মনোনয়ন পত্র বিতরণ | ১২/০২/২০২৪ খ্রিঃ<br>১৩/০২/২০২৪ খিঃ | সকাল ১১ টা হতে<br>বিকাল ০৩ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০২। | মনোনয়ন পত্র জমা গ্রহন | ১৪/০২/২০২৪ খিঃ | সকাল ০৯ টা হতে<br>বিকাল ০৪ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০৩। | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ১৫/০২/২০২৪ খিঃ | সকাল ১১ টা হতে | সমিতির কার্যালয়ে। |
| ০৪। | বৈধ/বাতিলকৃত প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১৮/০২/২০২৪ খিঃ | বাছাইয়ের পর | সমিতির কার্যালয়ে। |
| ০৫। | বৈধ/বালিতকৃত মনোনয়ন পত্রের জন্য আপীল আবেদন দাখিল | ১৯/০২/২০২৪ খিঃ<br>২০/০২/২০২৪ খিঃ | সকাল ০৯ টা হতে<br>বিকাল ০৪ টা পর্যন্ত। | জেলা সমবায় কার্য়ালয় সিরাজগঞ্জ। |
| ০৬। | দাখিলকৃত মনোনয়ন পত্রের আপীল শুনানী ও সিদ্ধান্ত গ্রহন। | ২২/০২/২০২৪ খিঃ<br>২৫/০২/২০২৪ খিঃ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় কার্য়ালয়, সিরাজগঞ্জ। |
| ০৭। | বৈধ/বালিতকৃত প্রার্থীরে চুড়ান্ত বৈধ তালিকা প্রকাশ | ২৫/০২/২০২৪ খিঃ | বিকাল ০৪টা | সমিতির নোটিশ বোর্ড। |
| ০৮। | প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময়<br>(লিখিত আবেদনের মাধ্যমে) | ২৭/০২/২০২৪ খিঃ | দুপুর ০২ টা হতে<br>বিকাল ০৪ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০৯। | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও চুড়ান্ত তালিকা প্রকাশ | ২৮/০২/২০২৪ খিঃ | দুপুর ০৩ টা হতে<br>বিকাল ০৪ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ১০। | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৯/০২/২০২৪ খিঃ | বিকাল ০৪ টা | সমিতির নোটিশ বোর্ড। |
| ১১। | ভোট গ্রহণ | ০৯/০৩/২০২৪ খ্রিঃ | সকাল ১০ টা হতে<br>বিকাল ০৩ টা পর্যন্ত। | তালগাছি আবু ইসহাক উচ্চ বিদ্যালয়, তালগাছি,শাহজাদপুর |
| ১২। | ভোট গণনা | ০৯/০৩/২০২৪ খ্রিঃ | ভোট গ্রহনের পর | ঐ |
| ১৩। | ফলাফল প্রকাশ | ০৯/০৩/২০২৪ খ্রিঃ | ভোট গ্রহনের পর | ঐ |

**নির্বাচনের প্রতীক সমূহঃ**

(ক) সভাপতি পদের জন্য ঃ ছাতা, চেয়ার, টেলিভিশন।

(খ) সহ-সভাপতি পদের জন্য ঃ আনারস, আম, আপেল, কলা।

(গ) সম্পাদক পদের জন ঃ বাঘ, হরিণ, গরু, উট।

(ঘ) সহ-সম্পাদক পদের জন্য ঃ মোবাইল, ঘড়ি, ফ্যান।

(ঙ) কোষাধ্যক্ষ পদের জন্য ঃ হারিকেন, উড়োজাহাজ, তালাচাবি।

(চ) সদস্য পদের জন্য ঃ বই, কলম, মোরগ, হাঁস, দোয়েল পাখি, গামছা, গ্লাস, টেবিল।

উল্লেখ্য যে, প্রার্থীর তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি তৎক্ষনাত নতুন প্রতীক বরাদ্দ করতে পারবেন।

## ''নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়''

০১। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত ছবি তালগাছ বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, শাহজাদপুর/জেলা সমবায় অফিসার, সিরাজগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০২। বিভিন্ন পদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন পত্রের ফি (অফেরতযোগ্য) তালগাছ বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ এর রশিদের মাধ্যমে জমা করত: রশিদের কপি মনোনয়পত্রের সঙ্গে জমা দিতে হবে।

০৩। মনোনয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৭(২) বিধি যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৮৮ বিধি যথাযথ অনুসরণ করতে হবে।

০৫। নির্বাচন তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩২(১)
বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্ধিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

০৬। সমবায় আইন/২০০১ এর ১৯ ধারা এবং বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতাসম্পন্ন সদস্যগণকে শুধু প্রতিদ্বন্দ্বিতা করিতে মনোনয়ন পত্র গ্রহণ ও দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল।

০৭। আফেরৎ যোগ্য মনোনয়ন পত্র ক্রয় নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে সংগ্রহ করা যাবে।

০৮। নির্বাচনের সকল কার্যক্রম সমবায় সমিতি আইন/২০০১,(সংশোধন আইন/২০০২,২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর আলোকে পরিচালিত হবে।

০৯। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ন কাটাকাটি ঘষা-মাজা, কাটা ছেড়া, বা দুবার লেখা যাবে না এবং ভূল কিংবা মিথ্যা সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮ (২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র সঙ্গে দেয়া তথ্যাদির সঠিকতা যাচায়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপর্যুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

১১। একই ব্যক্তি একাধিক মনোনয়নপত্র দাখিল করিতে পারবেন না।

১২। প্রতিদ্বন্দ্বি প্রার্থীর বয়স কমপক্ষে ২১ বছর হতে হবে।

১৩। প্রার্থীর মনোনয়ন পত্রের সাথে পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি সত্যায়িত, ভোটার আইডি কার্ডের ফটোকপি, প্রতিনিধি পরিচিতি পত্রের সত্যয়িত থাকতে হবে।

১৪। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/০২/২৪
(মোঃ আনোয়ার হোসেন)
সদস্য, নির্বাচন কমিটি
তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ
তালগাছি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

০৮/০২/২৪
(মোঃ আবুল বাসার)
সদস্য, নির্বাচন কমিটি
তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ
তালগাছি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

০৮/০২/২৪
(মোঃ রাজীবুল ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি
তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ।

স্মারক নং-০২/১(১০) তারিখ- ০৮.০২.২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। জনাব.......................................... সদস্য, নির্বাচন কমিটি, তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

০২। সভাপতি/সদস্য, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ, তালগাছি, শাহজাদপুর, সিরাজগঞ্জ। তাঁকে সকল সদস্যদের নিকট নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসিল যথাসময়ে সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ। (মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

০৪। উপজেলা সমবায় অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

০৫। জেলা সমবায় অফিসার, সিরাজগঞ্জ ও নির্বাচন আপীল কর্তৃপক্ষ।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শাহজাদপুর থানা, শাহজাদপুর, সিরাজগঞ্জ। (মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

০৭। প্রধান শিক্ষক, তালগাছি আবু ইসহাক উচ্চ বিদ্যালয়, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।

০৮। সমিতির নোটিশ বোর্ড।

০৮/০২/২৪
(মোঃ রাজীবুল ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি
তালগাছি বাজার বণিক বহুমূখী সমবায় সমিতি লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ।